দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 JUN 2016
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ......

# হোমনায় ২৯ স্কুলে প্রধান শিক্ষক নেই

■ হোমনা (কুমিল্লা) সংবাদদাতা

উপজেলার ২৯ প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক নেই। স্কুলগুলোতে প্রধান শিক্ষক না থাকায় প্রশাসনিক কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। উপজেলা শিক্ষা অফিসের তথ্যমতে যে সব স্কুলে প্রধান শিক্ষক নেই এগুলো হলো: কৃপারামপুর, খোদে দাউদপুর, ঝগড়ারচর, জগন্নাতকান্দি, মহিষমারী, নালাদক্ষিণ, বড়ঘাগুটিয়া, মনাইরকান্দি, নয়াকান্দি, মণিপুর, চান্দেরচর, নাগেরচর, নারায়ণপুর, বালুয়াকান্দি, ফতেহপুর, ঘনিয়ারচর ও ইটাভারা সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং প্রধান শিক্ষকবিহীন সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়গুলো হলো: দৌলতপুর, তাতুয়াকান্দি, চারকুড়িয়া, নিলখি লালবাগ, চুনারচর, মিঠাইভাঙ্গা, ভিটিকালমিনা, আখন্দপাড়া, মণিপুর-২, চন্ডিপুর ও ওপারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আল আমিন জানান, উল্লেখিত স্কুলগুলো পর্যায়ক্রমে ২০১২ সাল থেকে প্রধান শিক্ষকবিহীন রয়েছে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে।